

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৮৪৭
আগরতলা, ২১ জুলাই, ২০২৫

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

“দুর্ভোগের জায়গা হয়ে উঠেছে রাজ্যের প্রধান রেফারেল হাসপাতাল জিবিপি” এই শিরোনামে আজকের ফরিয়াদ পত্রিকায় এবং “পরিষেবা অমিল জীবিতে ভোগান্তি” এই শিরোনামে স্যন্দন পত্রিকায় গত ১৮ জুলাই, ২০২৫ প্রকাশিত সংবাদ দু’টি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদ দু’টির পরিপ্রেক্ষিতে, আগরতলা গভর্নমেন্ট মেডিকেল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে আগরতলা গভর্নমেন্ট মেডিকেল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালে দু’টি সিটি স্ক্যান মেশিনই ২৪x৭ ঘণ্টা চলে। এই দু’টি মেশিন এই হাসপাতালের ট্রমা ও স্ট্রোকে আক্রান্ত রোগীদের তাৎক্ষণিকভাবে পরিষেবা প্রদান করে থাকে। দু’টি সিটি স্ক্যান মেশিন ২৪x৭ ঘণ্টা চলে ট্রমা সেন্টারে। এদিকে, আগরতলা গভর্নমেন্ট মেডিকেল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালে চারটি এক্সরে ইউনিট রয়েছে। রোগীর অবস্থা অনুযায়ী ট্রাইএজ করে চিকিৎসকগণ অগ্রাধিকারের ভিত্তিতে রোগীকে স্ক্যান করানোর নির্দেশ প্রদান করে থাকেন। তবে নির্ধারিত সময়ে রোগীর সংখ্যা অত্যধিক হলে কিছুটা দেরি হতে পারে, যা একান্তই পরিস্থিতিজনিত। সরকারি সহায়তায় এই হাসপাতালের পরিকাঠামো উন্নয়নে নিয়মিত কাজ চলমান রয়েছে। ডায়াগনস্টিক সুবিধা সম্প্রসারণের জন্য সরকার সর্বদা সচেষ্টিত এবং ইতিমধ্যেই বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের পথে। বর্তমানে এই হাসপাতালে পর্যাপ্ত পরিমাণে বিশুদ্ধ পানীয় জলের ব্যবস্থা রয়েছে। এই হাসপাতালের বিভিন্ন স্থানে পিউরিফাইড ওয়াটার কুলারও স্থাপন করা হয়েছে। এছাড়া, এই হাসপাতালের বিভিন্ন স্থানে পর্যাপ্ত সংখ্যক বৈদ্যুতিক পাখা বসানো হয়েছে এবং বিশ্রামের জন্য উপযুক্ত স্থানও রয়েছে। সাম্প্রতিক সময়ে হাসপাতালের বিভিন্ন ওয়ার্ডে আরও বেশ কিছু নতুন বৈদ্যুতিক পাখার ব্যবস্থা করা হয়েছে।
